তারিখ 12 FEB 2017
পৃষ্ঠা ...... কলাম ......

# রেসিডেনসিয়াল কলেজে জাতীয় বিজ্ঞান উৎসব শেষ

**নিজস্ব প্রতিবেদক ▷**

ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজে আয়োজিত তিন দিনব্যাপী 'ডিআরএমসি-স্যাভলন ১০ম জাতীয় বিজ্ঞান উৎসব-২০১৭' শেষ হলো গতকাল শনিবার। উৎসবের সমাপনী ও পুরস্কার প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য আ আ ম স আরেফিন সিদ্দিক। বিশেষ অতিথি ছিলেন বিশিষ্ট বিজ্ঞানী ও লেখক ড. আলী আসগর। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কলেজের অধ্যক্ষ ব্রিগেডিয়ার জেনারেল মো. আবদুল মান্নান ভূঁইয়া।

এ উৎসবে প্রজেক্ট ডিসপ্লে (মেকানিক্যাল)-এ সেকেন্ডারি গ্রুপে চ্যাম্পিয়ন হয়েছে মনিপুর উচ্চ বিদ্যালয় ও সিনিয়র গ্রুপে চ্যাম্পিয়ন হয়েছে নটর ডেম কলেজ। নন-মেকানিক্যালে সেকেন্ডারি গ্রুপে চ্যাম্পিয়ন হয়েছে চট্টগ্রামের ইস্পাহানী পাবলিক স্কুল ও সিনিয়র গ্রুপে চ্যাম্পিয়ন হয়েছে কল্যাণপুর গার্লস কলেজ। আইটি প্রজেক্টে সিনিয়র গ্রুপে চ্যাম্পিয়ন হয়েছে আদমজী ক্যান্টনমেন্ট কলেজ। কুইজে জুনিয়র ও সেকেন্ডারি পর্যায়ে চ্যাম্পিয়ন হয়েছে ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ। গণিত অলিম্পিয়াডে প্রথম স্থান অধিকার করে রাজউক উত্তরা মডেল কলেজ। এই বিজ্ঞান মেলায় টাইটেল স্পন্সর স্যাভলন বাংলাদেশ লিমিটেড, কো-স্পন্সর ইউসিসি গ্রুপ ও ব্রোঞ্জ স্পন্সর আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক। মিডিয়া পার্টনার ছিল কালের কণ্ঠ।

ঢাকা ও ঢাকার বাইরের দুই শতাধিক প্রতিষ্ঠানের সহস্রাধিক শিক্ষার্থীর অংশগ্রহণে অনুষ্ঠিত তিন দিনব্যাপী এ বিজ্ঞান উৎসবে প্রজেক্ট ডিসপ্লে, দেয়াল পত্রিকা, স্ক্র্যাপবুক ডিসপ্লে, ফটোগ্রাফি প্রদর্শনী, অলিম্পিয়াডস, আইকিউ টেস্ট, সায়েন্স ফিকশন লিখন, কুইজ, সুডোকু প্রতিযোগিতা, বিজ্ঞানভিত্তিক উপস্থিত বক্তৃতা ও রোবটিক ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়।